



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/24/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্কবাসীদের ভোটের অধিকারকে জোরদার এবং সমর্থন করার নির্বাহী আদেশ জারি করলেন

নির্বাহী আদেশ অনুযায়ী নির্বাচনের কাউন্টি বোর্ডগুলিকে ভোটারদের সঠিকভাবে অবহিত করতে এবং ভোট দেওয়ার পর্যাণ্ড বিকল্প প্রদান করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে।

আদেশ অনুযায়ী কাউন্টি বোর্ডগুলিকে রাজ্যের কাছে নির্বাচন কর্মীদের চাহিদা জানাতে হবে, অনুপস্থিত ব্যালটের জন্য অভিন্ন স্টেশনারি ব্যবহার করতে হবে এবং অনুপস্থিত ব্যালট গ্রামের নির্বাচনে ব্যবহার করা যায় তা নিশ্চিত করতে হবে।

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ নিউ ইয়র্কবাসীদের ভোটের অধিকারকে জোরদার এবং সমর্থন করার জন্য একটি নির্বাহী আদেশ জারি করলেন। এই আদেশ অনুযায়ী কাউন্টির নির্বাচন বোর্ডগুলিকে আগামী সময়সীমা সম্পর্কে ভোটারদের অবহিত করতে, আসন্ন নির্বাচনের জন্য প্রস্তুত থাকতে এবং সকল নির্বাচনে অনুপস্থিত ব্যালট ব্যবহার করা যায় তা নিশ্চিত করতে সহায়তা করার জন্য বাস্তব পদক্ষেপ গ্রহণ করতে হবে। 20শে আগস্টে, গভর্নর অ্যাঙ্কু কুওমোব্যাপক নির্বাচনী সংস্কারের [আইনে স্বাক্ষর করলেন](#) যা নিউ ইয়র্কবাসীদের পক্ষে ভোট দেওয়া এবং নভেম্বরে তাদের গণনা করা সহজতর করবে।

"এই নির্বাচন আধুনিক ইতিহাসের মধ্যে সবচেয়ে গুরুতর হতে চলেছে। এটি বিতর্কিত বিষয় হবে। আপনি ইতিমধ্যে ভোট এবং ভোটের নির্ভুলতা এবং মেইল-ইন ব্যালট নিয়ে প্রশ্ন তোলা বিবৃতি শুনছেন। আমরা নিশ্চিত করতে চাই যে প্রত্যেকটি ভোট গণনা করা হয়; প্রতিটি কন্ঠস্বর শোনা হয় এবং এটি ন্যায্য এবং সঠিক এবং নির্ভুল হয়," **গভর্নর কুওমো বলেছেন।** "আমি আজকের নির্বাহী আদেশ জারি করছি কারণ আমরা চাই নির্বাচন বোর্ড দক্ষতার সাথে ভোট গণনা করুক এবং আমরা চাই তারা এটি সঠিকভাবে করুক, কিন্তু আমরা চাই এটি সময়মত সম্পন্ন হোক। আমরা ঘটনার ঘটনার পরে অজুহাত শুনতে চাই না।"

নির্বাহী আদেশ অনুযায়ী নির্বাচনের কাউন্টি বোর্ডগুলিকে নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করতে হবে:

1. মঙ্গলবার, ৪ই সেপ্টেম্বরের মধ্যে ভোটারদের জন্য সকল সময়সীমা উল্লেখ করে একটি মেইল পাঠানো।
2. 20 সেপ্টেম্বরের মধ্যে নিউ ইয়র্ক রাজ্যের নির্বাচনের বোর্ড (New York State Board of Elections) কে স্টাফিং পরিকল্পনা এবং চাহিদা পাঠানো যাতে BOE পর্যাপ্ত কভারেজ নিশ্চিত করতে সাহায্য করতে পারে।
3. অনুপস্থিত ব্যালটের জন্য একটি অভিন্ন পরিষ্কার থাম ব্যবহার করা এবং কাউন্টিগুলির জন্য এটি ব্যবহার করা প্রয়োজনীয় করা।
4. দ্রুত ভোট গণনা করা: কাউন্টি বোর্ড দ্বারা সকল আপত্তি প্রকৃত সময়ে জানানো প্রয়োজনীয় করা, নিশ্চিত করা যে বোর্ডগুলো নির্বাচনের 48 ঘন্টার মধ্যে ভোট গণনা করতে এবং হলফনামা এবং অনুপস্থিত ব্যালটের পুনর্মিলন করতে প্রস্তুত।
5. নিউ ইয়র্কবাসীদের গ্রাম, শহর এবং বিশেষ জেলা নির্বাচনে অনুপস্থিত ভোট দেওয়ার জন্য একটি বিকল্প প্রদান করা।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)